

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৪.০০.০২৪.২০১২-৫২১

তারিখ : ১০.০৬.২০১৪ খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেনগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন এইচপিএনএসডিপি'র “হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)” স্বাপকম কর্মসূচির অধীনে ১২০.০০ লক্ষ (এক কোটি বিশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন এইচপিএনএসডিপি'র “হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)” স্বাপকম (কোড নং-৫-২৭০১-৫৪৯০) কর্মসূচির অধীনে আরপিএ (জিওবি) খাতে ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত ৫৭৫.০০লক্ষ (পাঁচ কোটি পঁচাত্তর লক্ষ) হতে Short Course on Leadership Skill এবং Short Course on Health Workforce Planning শীর্ষক বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ১২০.০০ লক্ষ (এক কোটি বিশ লক্ষ) টাকা কোড নং-৫-২৭০১-৫৪৯০-৪৮৪০ প্রশিক্ষণ ব্যয় খাত হতে অগ্রিম উত্তোলনে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি:

তবে শর্ত থাকে যে,

- ক. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- খ. পরবর্তী কিস্তি অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে (৩০শে জুন) যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- গ. অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- ঘ. ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দায়ী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- ঙ. অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- চ. উত্তোলিত অগ্রিম ওপি অনুযায়ী এবং উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের জন্য ব্যয় করতে হবে; এবং
- ছ. বাংলাদেশ ব্যাংক হতে সংশ্লিষ্ট বৈদেশিক প্রাপ্তিস্থানে প্রেরিত টিউশন ফি বাবদ প্রেরিত অর্থের কপি এ শাখায় প্রেরণ করতে হবে।

২. এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি'র “হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)” স্বাপকম (কোড নং-৫-২৭০১-৫৪৯০) অপারেশনাল প্র্যানের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের আরপিএ (জিওবি'র) অর্থ হতে কোড নং-৫-২৭০১-৫৪৯০-৪৮৪০ হতে সংকুলান করা হবে।

৩. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।



(সালমা সিদ্দিকা মাহতাব)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ-৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য -

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৪.০০.০২৪.২০১২-৫২১/১(৭)

তারিখ : ১০.০৬.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ও লাইন ডাইরেক্টর, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এমওএইচ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-প্রধান, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এমওএইচ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
১০/৬/২০১৪  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব